REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৭ই চৈত্র বুধবার ১৩৪৬ ইংরাজী 20th March 1940 | ৪১শ সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হইতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রী[illegible] কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তা দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠ-পোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৫০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা

**৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর**

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | |
|---|---|---|
| চলতি বীমা | ... | ১৬ কোটি ৩৪ লক্ষের উপর |
| বীমা তহবিল | ... | ২ „ ৯৬ লক্ষের „ |
| মোট সংস্থান | ... | ৩ „ ৩৮ „ „ |
| প্রিমিয়াম আয় | ... ... | ... ৭৪ „ „ |
| দাবী শোধ | ... | ১ কোটি ৮৫ „ „ |

হেড আফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।
শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরাবগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস,
গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।
আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

## NOTICE.

Under Notification No. 1118 P., dated 21st February, 1940, the Govt. of Bengal in exercise of the powers conferred by sub-rule (1) of rule 56 of the Defence of India Rules, has prohibited the holding of public processions, meetings and assemblies which are likely to affect prejudicially the public safety, the defence of British India, or the Public Order and tranquility.

2. I therefore direct, by virtue of the power delegated to me by the Govt. of Bengal, that not less than three days notice of public processions, meetings, or assemblies should be given to me and that such should not be held without my written permission previously obtained.

3. This order shall not apply to a public meeting held under any statutory or other express legal authority or to any public meeting convened by me or officers subordinate to me.

4. Owners and managers of printing presses are ordered not to accept orders for or to print notices of meetings unless they assure themselves that such meetings have been specially authorised or exempted by me or are exempted from the order.

5. Contravention of this order renders the contravener or contraveners liable to punishment with imprisonment for a term which may extend to three years and also to a fine.

Md. Mahmud,
District Magistrate,
Murshidabad.

Dated Berhampore,
The 2nd March 1940

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৭ই চৈত্র বুধবার সন ১৩৪৬ সাল

## ডাকাতি

গত ৩রা চৈত্র শনিবার রাত্রিতে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত মথুরাপুর গ্রামের শ্রীশশী কুনাই এর বাড়ীতে এক ডাকাতি হইয়া গিয়াছে। নগদ ও অলঙ্কারে প্রায় ১৫০৲ টাকার জিনিষ লইয়া গিয়াছে। ডাকাতগণ সংখ্যায় ১৩।১৪ জন ছিল বলিয়া প্রকাশ। তাহারা শশীকে মারধর করিয়াছে এবং মশালের আগুনে ছেঁকা দিয়াছে। শশী চিকিৎসার জন্য জঙ্গিপুর হাসপাতালে আছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## ঝড় বৃষ্টি

গত মঙ্গলবার হইতে প্রবল ঝড় ও বৃষ্টি আরম্ভ হইয়াছে। দুই দিন ধরিয়া বৃষ্টির বিরাম নাই। এই বৃষ্টিতে আমের ও রবিশস্যের সমূহ ক্ষতি করিয়াছে। অনেক গ্রাম হইতে ঘর বাড়ী পড়িয়া যাওয়ার সংবাদ পাওয়া যাইতেছে।

## জলে ডুবিয়া মৃত্যু

বিগত ১১ই মার্চ্চ সোমবার গোরাবাজারে খেয়া ঘাটে একজন স্ত্রীলোক একটী শিশুসহ সন্ধ্যার সময় পার হইয়া আসিবার কালে হঠাৎ জলে সন্তানসহ পড়িয়া যায়, লোক-জন ছুটিয়া স্ত্রীলোকটীকে উদ্ধার করে কিন্তু শিশুটীর সন্ধান করিয়া না পাওয়ায় পর দিন তাহাকে জলের মধ্য হইতে মৃত অবস্থায় তোলা হইয়াছে।

## পল্লী উন্নয়নকল্পে সরকারী দান

মুর্শিদাবাদ জেলার নিম্নোক্ত পরিকল্পনাগুলি কার্য্যকরী করার জন্য বাঙলা-সরকার ৮৮০৲ টাকা সাহায্য মঞ্জুর করিয়াছেন :—

| | | টাকা |
|---|---|---|
| ১। | টেনিয়া গ্রামে স্থানীয় তরুণদের জন্য খেলার মাঠ নির্ম্মাণার্থ … | ২০০৲ |
| ২। | কান্দি থানার অন্তর্গত চাঁদরা-প্রসাদপুর-বাগাচরা গ্রামের মধ্য দিয়া ৩।০ মাইল দীর্ঘ পল্লী-পথের উন্নতি বিধানার্থ … | ২৫০৲ |
| ৩। | মান্দ্রা গ্রাম হইতে ১০৫ হাত লম্বা ও ৮ হাত প্রস্থ একটী খাল কাটিয়া গ্রাম্যপথের উন্নতি বিধানার্থ … | ১৩০৲ |
| ৪। | লালবাগ মহকুমাস্থ বাঁটি গ্রামের উচ্চ প্রাইমারী বিদ্যালয়ের গৃহ নির্ম্মাণার্থ … | ৩০০৲ |

## বৃদ্ধার বিদ্যানুরাগ

রাজসাহী জেলার পাতসর গ্রাম নিবাসী অবসরপ্রাপ্ত মোক্তার শ্রীযুক্ত শরৎচন্দ্র চাষীর পত্নী শ্রীযুক্তা নীরদপ্রতিভা দেবী ৫৬ বৎসর বয়সে গত অতিরিক্ত প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণা হইয়াছেন। ৯ বৎসর বয়সে তিনি নিম্ন প্রাইমারী পরীক্ষায় বৃত্তিসহ উত্তীর্ণা হন এবং ১২ বৎসর বয়সে তাঁহার বিবাহ হয়। গৃহিণী-জনসুলভ গৃহকার্য্য শেষ করিয়া এই মহিলা গভীর রাত্রি পর্য্যন্ত পাঠাভ্যাস, সাহিত্য চর্চ্চা করিয়া থাকেন। তিনি আই-এ পরীক্ষা দিবার আশা পোষণ করেন।

## প্রেস-কর্ম্মচারীর ধর্ম্মঘট

রাজসাহী সহরে হেমা প্রেস ও রাজসাহী প্রিন্টিং ওয়ার্কসএর কর্ম্মচারীবৃন্দ ধর্ম্মঘট করিয়াছে। প্রেস কর্ত্তৃপক্ষ কর্ম্মচারীবৃন্দের প্রাপ্য ছুটি দিতে অস্বীকৃত হওয়ায় এই ধর্ম্মঘটের উদ্ভব হইয়াছে।

## রেলের ভাড়া বৃদ্ধি ও মফঃস্বলের পত্রিকা

যুদ্ধের জন্য কাগজের মূল্য অত্যন্ত বৃদ্ধি পাইতেছে। তজ্জন্য সংবাদ-পত্র পরিচালনা অত্যন্ত কষ্টকর হইয়া পড়িয়াছে। কলিকাতা হইতে মফঃস্বলে সংবাদপত্র রেলে পাঠাইতে ব্যয় বৃদ্ধি হইয়াছে। সম্প্রতি রেলের ভাড়া বৃদ্ধি হওয়ায় মফঃস্বলের সংবাদপত্র সকলকে অধিক ভাড়ায় বন্দর হইতে সংবাদপত্রের কাগজ ক্রয় করিতে হইতেছে। মফঃস্বলের সংবাদপত্রের এইভাবে অধিক মূল্য দিয়া বেশী দিন সংবাদপত্র বজায় রাখা কষ্টকর হইয়া পড়িবে।

## নারীহরণে কারাদণ্ড

রকিয়া বিবি আসামী আল্লা মেহের সেখের ছাত্রী ছিল। রকিয়া বিবির বিবাহের পরও সে বালিকার গৃহ-শিক্ষকের কার্য্য করিত। কিছুদিন পরে আসামী অপর এক ব্যক্তির সাহায্যে বালিকাকে অপহরণ করে। দায়রা বিচারে তাহার ৪ বৎসর সশ্রম কারাদণ্ড হইয়াছে। আসামী অপরাধ স্বীকার করিয়াছে। দণ্ডাদেশের বিরুদ্ধে আসামী হাইকোর্টে আপীল করিয়াছে।

## গঙ্গাস্নানকালে বিপত্তি

গত ৭ই মার্চ্চ বৃহস্পতিবার বেলা অনুমান ১০ টার সময় চাঁদপাল ঘাটে গঙ্গাস্নানকালে দুই জন যুবতীর শোচনীয় মৃত্যু হইয়াছে। নিমতলা অঞ্চলের গোঁসাইপাড়ার দুখিয়া কাহারীন (২২) ও জানকী (১৪) নামে দুই জন যুবতী গঙ্গায় স্নান করার সময় অকস্মাৎ গভীর জলে যাইয়া পড়ে এবং গঙ্গাগর্ভে ডুবিয়া যায়। দুখিয়া কাহারীন অন্তঃসত্ত্বা ছিল।

## ৯০ বৎসর বয়সে মোক্তারী পরীক্ষা

শ্রীহট্টের সংবাদে প্রকাশ, এ বৎসর ৬০ জন মোক্তারী পরীক্ষা দিতেছেন। ইঁহাদের মধ্যে মৌলবী আসগর আলী নামে ৯০ বৎসর বয়স্ক একজন বৃদ্ধ আছেন। মৌলবী আসগর আলী ইতিপূর্ব্বে ১৪ বার মোক্তারী দিয়াছেন, কিন্তু কৃতকার্য্য হইতে পারেন নাই। এইবার তাঁহার পঞ্চদশ বারের প্রচেষ্টা। তিনি অধ্যবসায়ে রবার্ট ব্রুসকে অতিক্রম করিবার শপথ গ্রহণ করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

## চাউলের জাহাজ জলমগ্ন

১,০৬,০০০ বস্তা সিদ্ধ ও আরাকান চাউলসহ গোল-কুণ্ডা নামক জাহাজখানি ডুবিয়া যাওয়ায় চট্টগ্রামের চাউল ব্যবসায়িগণের মধ্যে হা হুতাশ পড়িয়া গিয়াছে; কিন্তু স্থানীয় জেলেদের মধ্যে আনন্দের সাড়া পড়িয়া গিয়াছে। জেলেরা এই বলিয়া আনন্দ করিতেছে যে, এই বৎসর বর্ষাকালে তাহারা খুব মাছ ধরিতে পারিবে। ইতিমধ্যেই খাদ্যের আকর্ষণে মৎস্যকুল ঝাঁকে ঝাঁকে বন্দর অভিমুখে আসিতেছে। প্রকাশ, "গোলকুণ্ডা" জাহাজের শতকরা ৯৫ ভাগ চাউল ইন্সিওর করা ছিল। জাহাজটী বৃটিশ ইণ্ডিয়া ষ্টিম নেভিগেশন কোম্পানীর। ডবল্ মুরিংস জেটী হইতে প্রায় ৪ মাইল দূরে কর্ণফুলি নদীতে জাহাজটী বাধাপ্রাপ্ত হইয়া ডুবিয়া যায়। জাহাজটী যদিও ভাঙ্গিয়া গিয়াছে, তথাপি জাহাজের উপরিভাগ এখনও জলের উপর দেখা যাইতেছে। জাহাজটির উদ্ধা-রের চেষ্টা করা হইবে। কারণ, যদি উদ্ধারের কোন চেষ্টাই করা না হয়, তাহা হইলে নদীতে চড় পড়িয়া যাইবার আশঙ্কা আছে।

## বাঙ্গলায় শিক্ষিতের সংখ্যা

বঙ্গীয় ব্যবস্থাপক সভায় প্রশ্নের উত্তরে বাঙ্গালার প্রত্যেক জেলায় লিখন পঠনক্ষম ব্যক্তিদের হার সম্বন্ধে প্রকাশ করা হইয়াছে। তাহাতে দেখা যায় যে মেদিনীপুর জেলার লোকগণই বাঙ্গালা দেশের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক শিক্ষিত এবং মালদহ জেলার লোকই সর্ব্বাপেক্ষা কম সংখ্যায় শিক্ষিত।

| জেলা | শতকরা হার | জেলা | শতকরা হার |
|---|---|---|---|
| কলিকাতা | ৪৩'২ | ত্রিপুরা | ৯'৩ |
| হাবড়া | ২০'৭ | ফরিদপুর | ৯'১ |
| মেদিনীপুর | ১৭'৫ | বীরভূম | ৮'১ |
| হুগলী | ১৬'০ | রাজসাহী | ৭'৭ |
| বাখরগঞ্জ | ১৪'৪ | ময়মনসিংহ | ৭'৭ |
| নোয়াখালী | ১৩'১ | যশোহর | ৭'৬ |
| ২৪ পরগণা | ১২'৭ | দিনাজপুর | ৭'৪ |
| দার্জ্জিলিং | ১২'৬ | পাবনা | ৭'০ |
| বর্দ্ধমান | ১২'৩ | রংপুর | ৬'৯ |
| বগুড়া | ১১'৩ | নদীয়া | ৬'৯ |
| খুলনা | ১০'৯ | মুর্শিদাবাদ | ৬'৩ |
| ঢাকা | ১০'৯ | জলপাইগুড়ি | ৫'৬ |
| চট্টগ্রাম | ১০'৪ | পার্ব্বত্য চট্টগ্রাম | ৫'০ |
| বাঁকুড়া | ৯'৯ | মালদহ | ৩'৮ |



**সকল প্রকার গ্রামোফোন**
**মেসিন ও রেকর্ড**
নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।

ডি, পি, গাঙ্গুলী
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

---

শ্রীযুক্ত পার্ব্বতীচরণ রায় বি-এ প্রণীত

## কবির স্বপ্ন-সুষমা

### ছন্দে ও গানে

অভিনব ধারাবাহিক মনোমুগ্ধকর প্রেমকাব্য। তুলট কাগজে ঝকঝকে ছাপা। সুরঙীন প্রচ্ছদপট। উপহার ও উপভোগে অনুপম। মূল্য পাঁচ সিকা।

প্রকাশক ও প্রাপ্তিস্থান :—
ডি, এম, লাইব্রেরী
৪২ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

বয়েজ লাইব্রেরী,
জঙ্গীপুর — মুর্শিদাবাদ।

---

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




### সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয় মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৶০ ।৶০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন :—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি **মরা মানুষ বাঁচাইতে** পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৴০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৶০

**প্রাপ্তিস্থান ডাঃ বি রায় এণ্ড কোং, কেমিষ্ট,**
**ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা**

---

সুধী গুণবেত্তার সুচিন্তিত অভিমত—

## জবাকুসুম তৈলের

**নব স্বর্ণ আভরণ**
**রুচির সম্যক্ নিদর্শন**




**জবাকুসুম তৈল** ক্রয়কালীন
এই নব আধারেই লইবেন।
পূর্ব্বের পুরাতন আভরণ কিনিবেন না।

---

**সি, কে, সেন** এণ্ড কোং লিঃ
কলিকাতা

---

## সাধনা ঔষধালয়-ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।


---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।